

নম্বর: ৪১.০০.০০০০.০২২.৯৯.১৩৮.১৮.১৩৫

তারিখ: ১৯ মাঘ ১৪২৪
০১ ফেব্রুয়ারি ২০১৮

অফিস আদেশ

সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম গঠন সংক্রান্ত ১৫ অক্টোবর ২০১৫ তারিখের ৪১.০০.০০০০.০৩৪.০১.১১.১৫-৩১৩ সংখ্যক স্মারক মোতাবেক জারিকৃত পত্র সংশোধন করে নিম্নরূপভাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিম পুনর্গঠন করা হলো:-

১. যুগ্ম সচিব (বাজেট ও আইসিটি) - চীফ ইনোভেশন অফিসার
২. যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন-২/ কার্যক্রম) - সদস্য
৩. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা) - সদস্য
৪. উপসচিব (প্রতিষ্ঠান অধিশাখা) - সদস্য
৫. উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা) - সদস্য
৬. উপপ্রধান (পরিকল্পনা) - সদস্য
৭. সিস্টেম এনালিস্ট (আইসিটি ও ইনোভেশন শাখা) - সদস্য সচিব

২। চিফ ইনোভেশন অফিসারের কার্যপরিধি:

১. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের নেতৃত্ব প্রদান;

২. পরিবর্তনের রূপকার হিসেবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ে সেবা প্রদান ও অভ্যন্তরীণ কর্মপ্রক্রিয়ায় গুণগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে সৃজনশীল চর্চার সংস্কৃতি ও ক্ষেত্র গড়ে তোলা, আইসিটি ও সকল উদ্ভাবনী কার্যক্রমের ব্যাপকতা বৃদ্ধির মাধ্যমে সরকারি কাজে কর্মে উদ্ভাবনকে উৎসাহিত করা, প্রয়োজনীয় প্রশিক্ষণের মাধ্যমে টিম সদস্যগণের কর্মসম্পূর্ণতার বিকাশসাধন এবং উদ্ভাবনী মেলার প্রতিযোগিতায় অংশগ্রহণ;

৩. নাগরিক সেবা সহজীকরণ (service process simplification)-এর জন্য বিদ্যমান ব্যবস্থার সংস্কার সাধন এবং সিটিজেন চার্টারের যথাযথ বাস্তবায়ন;

৪. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সম্ভাব্য সকল সেবাকে ই-সেবায় রূপান্তরে সমন্বয়কের দায়িত্ব পালন এবং ই-ফাইল ব্যবস্থাপনা পদ্ধতি ও চিঠিপত্র, ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান-প্রদানের ব্যবস্থা গ্রহণকে উৎসাহিতকরণ;

৫. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের যাবতীয় তথ্যাবলির সন্নিবেশ করে মন্ত্রণালয়ের প্রোফাইল তৈরী ও হালনাগাদ রাখার ব্যবস্থা গ্রহণ এবং মন্ত্রণালয়ের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ এবং ওয়েব সাইটে অবিয়োগ গ্রহণ ও নিস্পত্তির ব্যবস্থা গ্রহণ;

৬. জাতীয় আইসিটি নীতিমালায় বর্ণিত ICT Action Plan এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণ;

৭. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আইসিটি কার্যক্রমের বাজেট তৈরী, প্রকল্প গ্রহণ, অর্থায়নের ব্যবস্থা গ্রহণ, কার্যক্রম পর্যবেক্ষণ, অগ্রগতি মূল্যায়ন এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন;

৮. তথ্য অধিকার আইন অনুসারে মন্ত্রণালয়ের নির্ধারিত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার সাথে সমন্বয় সাধন; এবং

৯. জাতীয় ই-জিআইএফ (e-GIF: e-Governance Interoperability Framework) ও ইন্টারঅপারেবিলিটি নিশ্চিতকরণ।

৩। ইনোভেশন টিমের কার্যপরিধি:

১. সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রক্রিয়া এবং কাজের প্রক্রিয়ার গুণগত পরিবর্তন আনয়ন;।
২. এ সংক্রান্ত কার্যক্রমের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন এবং বছরের শুরুতে মাসিক সমন্বয় সভায় অনুমোদন গ্রহণ ও বাস্তবায়ন;।
৩. প্রতিমাসে টিমের সভা অনুষ্ঠান, কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা এবং মাসিক সমন্বয় সভায় উপস্থাপন; এবং
৪. মন্ত্রণালয়/দপ্তর/জেলা/উপজেলা পর্যায়ে গঠিত সংশ্লিষ্ট অন্যান্য ইনোভেশন টিমের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন।

৪। নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

১-২-২০১৮

সাইদা নাইম জাহান

যুগ্মসচিব

ফোন: +৮৮০২ ৯৫৪০২৩৩

ফ্যাক্স: +৮৮০২ ৯৫৭৬৬৮৫

ইমেইল: sayedanayem@yahoo.com

নম্বর:

৪১.০০.০০০০.০২২.৯৯.১৩৮.১৮.১৩৫/১(১৬)

তারিখ: ১৯ মাঘ ১৪২৪

০১ ফেব্রুয়ারি ২০১৮

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ২) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর
- ৩) মোহাম্মদ শফিউল আলম, ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা।
- ৪) যুগ্মসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) নির্বাহী সচিব, নির্বাহী সচিব এর দপ্তর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
- ৬) নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল-নাহিয়ান ট্রাস্ট, বনানী, ঢাকা।
- ৭) ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্ট প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, আগারগাঁও, ঢাকা।
- ৮) নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, টঙ্গী, গাজীপুর।
- ৯) মন্ত্রী/প্রতিমন্ত্রী মহোদয়ের একান্তসচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০) উপসচিব/উপপ্রধান (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ১৩) সিনিয়র সহকারী সচিব/প্রধান, সহকারী সচিব/সহকারী প্রধান (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪) প্রোগ্রামার, আইসিটি শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ১৫) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়

১৬), অফিস কপি



১-২-২০১৮

সাইদা নাইম জাহান
যুগ্মসচিব